Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা.

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২০শে মাঘ বুধবার ১৩৬৬ ইংরাজী 3rd Feb. 1960 { ৩৮শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২০শে মাঘ বুধবার সন ১৩৬৬ সাল।

# যেমতি উৎকলে

—•—



## প্রভু জগড়নাথ

**জাতো রাখিছিলা ! মান রাখিছিলা ! কুলো রাখিছিলা ! তেমতি রাখি দিলা কেরলে !!!**

—•—

প্রভু প্রাণ যায় যাক কিন্তু মান যেন বজায় থাকে।

কমিউনিষ্ট চৈনিক সৈনিক ১৯৫৪ খৃষ্টাব্দ হইতে একটু একটু করিয়া ভারতের মৃত্তিকা গ্রাস করিতে লাগিল। মানের ভয়ে আমাদের কর্ত্তা ব্যক্তি সেটা প্রকাশ করেন নি। বর্ত্তমানে যখন আর ঢাক ঢাক গুড়্ গুড়্ থাকলো না। পাকীস্থানের সর্ব্বেসর্ব্বা যখন ভারতের সহিত একযোগে সীমান্ত রক্ষার জন্য প্রস্তাব করলেন তখন ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু বল্‌লেন ভারত একাকী যা করবার করবে কারো সঙ্গে যৌথভাবে কিছু করিবে না। ভারতের একাকী যুঝবার ক্ষমতা আছে জানিয়া সকল ভারতবাসীই মনে মনে ভাবিয়াছিলেন—বাঃ রে আমরা! এত বল ধরে এই অহিংস ভারত।

কমিউনিষ্ট শাসিত কেরলে নির্ব্বাচনের বাজনা বাজিয়া উঠিল। গত সোমবার ভোট যুদ্ধে ভারত শাসক কংগ্রেস যুগ্মভাবে তিন দলে একযোগে মিলিয়া কমিউনিষ্ট দলকে নাস্তানাবুদ করিয়াছেন। তিন দলে আছেন (১) কংগ্রেস (২) পি, এস্, পি (৩) মোসলেম লীগ। কাগজে কাগজে বুধবার দেখা গেল মোটা মোটা অক্ষরে ছাপা—

যুক্ত ফ্রন্টের নিকট কমিউনিষ্ট দল বিষম পরাজয় লাভ করিয়াছেন। তাঁদের পাঁচজন মন্ত্রী "পপাত ধরণী তলে" পাঁচজন মন্ত্রী পরাজিত হইল। সমস্ত কমিউনিষ্ট দলই গেল তখন মন্ত্রী পাঁচজনের নাম বিলুপ্তি আশ্চর্য্যজনক নয়।

স্বাধীনতার আমদানী যে কংগ্রেস ভারতে করিয়া রাজত্ব করিতেছেন তাঁহাদের আজগুবী পরাজয় বড় তাজ্জবের ব্যাপার এই স্বাধীনদেশে পশ্চিম বঙ্গে গত পূর্ব্ব নির্ব্বাচনে অর্থাৎ দ্বিতীয় সাধারণ নির্ব্বাচনে কংগ্রেসের সাতজন মন্ত্রী সদস্য পদে নির্ব্বাচিতই হইতে পারেন নাই। কলিকাতার দৈনিক বসুমতী পাঁচজন পরাজিত মন্ত্রীর নাম দিয়াছেন এবং ক্রমে ক্রমে পাঁচজনই ফেল হইয়াছেন বলিয়াছেন। বসুমতী পাঁচজনের নাম ঠিকই দিয়াছেন, ভুলিয়াছেন ২টী নাম (১) শ্রীনিকুঞ্জ মাইতি (বর্ত্তমানে এম, পি,) (২) শ্রীনীহারেন্দু দত্ত মজুমদারের নাম।

## তাজ্জবের কথা

কংগ্রেসের ৫ জন মন্ত্রী পরাভূত হইলেও কংগ্রেসের কোন ক্ষতি হয় নাই। কংগ্রেস দল এই নির্ব্বাচনে সংখ্যা লঘিষ্ঠ না হইয়া সংখ্যা গরিষ্ঠই ছিলেন। আবার পরাজিত ২ জন নাছোড়বান্দা হইয়া স্কুল ফাইন্যালে ফেল ছাত্র যেমন কম্পার্টমেণ্টাল পরীক্ষা দিয়া পাশ করে এঁরা তেমনি অন্য দ্বার দিয়া নির্ব্বাচিত হইয়া যিনি যেমন মন্ত্রী ছিলেন তেমনি মন্ত্রিত্ব করিতে লাগিলে সহযোগী বসুমতী এই দুজনের পুনর্বসতির জন্য গণনায় ভুল করিয়াছেন বলিয়া মনে হয়। মন্ত্রী পাঁচজন বাদ গেলেও সংখ্যা গরিষ্ঠ হওয়ায় কংগ্রেসের কোন লাঘব হয় নাই।

মন্ত্রী পাঁচজন গেলেন কিন্তু কংগ্রেসের কোন ক্ষতি হইল না এই সম্বন্ধে একটা গল্প মনে হইল। দুই বন্ধুতে বহুদিন পর দেখা হলো এক আত্মীয়ের শ্রাদ্ধ উপলক্ষে। একজন অন্য জনকে জিজ্ঞাসা করলেন—যাঁর শ্রাদ্ধ হচ্ছে তাঁর কি হয়েছিল। অন্য জনে উত্তর দিল সর্পাঘাত।

প্রশ্ন—কোন্ অঙ্গে সাপে কামড়াইয়াছিল।

উত্তর—গণ্ডদেশে (গালে)

প্রশ্নকর্ত্তা—উঃ চক্ষুরত্ন মহাধন—চোকটা বেঁচে গিয়েছে।

কেরল ও পশ্চিম বাংলার মন্ত্রী পতনের ফল পৃথক রকমের। পশ্চিম বঙ্গের মন্ত্রিগণ ব্যথিত হলেন কিন্তু মুল কংগ্রেসের রাজত্ব ঠিকই থাকিল। কেরালার মুখ্যমন্ত্রী শ্রীনাম্বুদ্রিপাদ কিন্তু সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। আমরা কংগ্রেসের প্রতাপ বর্ণন করিয়া একটি নির্ব্বাচন কবিতা নিম্নে দিলাম।

## নির্ব্বাচনে বৈপরীত্য

—•—

নৃপ নন্দন ভোট রসে রসিয়া
পরিধান ধুতি খদ্দর কসিয়া
দ্বিজ নন্দন চন্দন-পুষ্প করে,
অতি হীনজনে ধরি তুষ্ট করে।

(যিনি) বিপ্রকুলোদ্ভব বর্ণ গুরু
এক ভোট তরে ধরে শূদ্র উরু
ধরি বিপ্রপদে নত শূদ্র কহে—
ছি ছি কী কর ঠাকুর কী কর হে।

নত জানু হ'য়ে মম জানু ধরি,
তব সূত্র-শিখা অপমান করি,
ইহকাল তরে পরকাল দিলে,
হীরক ফেলি ছি কাচ নিলে।

কত অট্টালিকাবাসী পাট্টাধারী,
চলে বিদ্বান উদ্যান-পাল-বাড়ী।
(কত) শিক্ষাভিমানীরা ভিক্ষা করে,
চলে লক্ষপতি দীনে লক্ষ্য ক'রে।

ঘৃণাব্যঞ্জক শব্দে যে ত্যানা কহে,
(বলে) তেহু কাকা বাড়ীতে আছ হে

যিনি—তস্কর-দল-পতি দৈত্যগুরু,
তিনি বাক্য দানে আজি কল্পতরু।

ঠেলি নর্দ্দমা-কর্দ্দম অর্দ্ধ রাতে,
কত মর্দ্দজনে ফিরে ফর্দ্দ হাতে।

আজি কোন্ দলে কোন্ দলে কোন্দল হে—
অহিংস দলে শুনি হিংস নহে

তবে কঙ্গরসে দেখি ভঙ্গ রণে
সদা শঙ্কিত কেন এ বিপক্ষগণে?

---

## ভেজাল দ্রব্য বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় ভেজাল নারিকেল তৈল বিক্রয়ের অপরাধে রঘুনাথগঞ্জের শ্রীগৌর-গোপাল দত্তকে ১০৲ টাকা, ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে আইলেরউপর গ্রামের শ্রীরতন ঘোষকে ২৫৲ টাকা এবং ভেজাল জিরা বিক্রয়ের অপরাধে জঙ্গিপুরের শ্রীহীরালাল ভকতকে ৩০৲ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

## জঙ্গিপুর মহকুমায় বাণী অর্চ্চনা

জঙ্গিপুর মহকুমার সহর ও মফঃস্বলের বহু বাড়ীতে ও সাধারণ প্রতিষ্ঠানে জাঁকজমকের সহিত বাণী দেবীর পূজার্চ্চনা হইয়াছে। পূজার চেয়ে প্রতিমা-নিরঞ্জনের আড়ম্বরই বেশী। অনেক জায়গার প্রতিমা-নিরঞ্জন বাকী আছে।

---

## প্রজাতন্ত্র দিবস উদযাপন

বন্তেশ্বর বিষ্ণুচন্দ্র জুনিয়র হাই স্কুলে ও বন্তেশ্বর জুনিয়র বেসিক স্কুলে প্রভাতফেরী, সভা ও বিচিত্রা-নুষ্ঠানসহ ২৬শে জানুয়ারী "প্রজাতন্ত্র দিবস" উদ্‌যাপিত হয়। বন্তেশ্বর জুনিয়র বেসিক স্কুলে ২০শে হইতে ২৬শে জানুয়ারী পর্য্যন্ত "বুনিয়াদী শিক্ষা সপ্তাহ" নানা অনুষ্ঠানের মাধ্যমে উদযাপিত হয়।


---


শীতের দিনে-ও
ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে

শীতের কনকনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম! নিয়মিত ব্যবহারে, ওষধিগুণ-যুক্ত, সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অন্তর্লীন স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।



বোরোলীন
পরম প্রসাধন




বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটকে টার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক : জি, দত্ত এণ্ড কোং
১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

adarts/59


## সাধারণতন্ত্র দিবস উদযাপন

দক্ষিণগ্রাম সমাজ শিক্ষা কেন্দ্রে পুরুষ ও মহিলা বিভাগের উদ্যোগে সাড়ম্বরে ২৬শে জানুয়ারী "সাধারণতন্ত্র দিবস" উদযাপিত হয়। সভায় সভাপতির আসন গ্রহণ করেন বিশিষ্ট কংগ্রেস কর্ম্মী শ্রীঝড়ুলাল দাস মহাশয় ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন শ্রীবাকের আলি এম-এ, মহাশয়। সভায় সাগরদীঘি ব্লকের বি, ডি, ও মহোদয় সস্ত্রীক, লেডি এস, ই, ও, মহোদয়া এবং স্থানীয় বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকেন। কেন্দ্র প্রাঙ্গণে একটি শিল্প প্রদর্শনীর আয়োজন করা হয়। শিল্প প্রদর্শনীটি উপস্থিত সকলকেই চমৎকৃত ও উৎসাহিত করে। বিশিষ্ট সঙ্গীতজ্ঞ রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন। সভাপতির, প্রধান অতিথির এবং অন্যান্য বক্তার মনোজ্ঞ ভাষণ সকলকেই অভিভূত করে। কেন্দ্রের পক্ষ হইতে বি, ডি, ও, মহোদয়ের স্ত্রী, কেন্দ্রের সাতজন বিশিষ্ট কর্ম্মীকে তাঁহাদের একনিষ্ঠ সমাজ-সেবার জন্য সাতটি হ্যারিকেন লণ্ঠন পুরস্কারস্বরূপ বিতরণ করেন। সমাপ্তি সঙ্গীতের পর সভা ভঙ্গ হয়। অতঃপর সকলকেই 'চা' পানে আপ্যায়িত করা হয়।

—সংবাদদাতা

## দৌড়ঝাঁপ প্রতিযোগিতা

বিগত ২৩শে জানুয়ারী শনিবার রঘুনাথগঞ্জ সেবাশিবির মাঠে সেবাশিবিরের পঞ্চম বার্ষিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয় এই অনুষ্ঠানে সভাপতিত্ব এবং পুরস্কার বিতরণ করেন।

বিগত ২৪শে জানুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা হইয়া গিয়াছে। এই অনুষ্ঠানে জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয় সভাপতিত্ব করেন।

বিগত ২৪শে জানুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতি-যোগিতা সেবাশিবির মাঠে অনুষ্ঠিত হয়।

গত ৩০শে জানুয়ারী শনিবার রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কের সন্নিকটস্থ খেলার মাঠে জঙ্গিপুর সর্ব্বার্থসাধক উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ১৯৬০ সালের দৌড়ঝাঁপ প্রতিযোগিতা সমাপ্ত হইয়াছে। জঙ্গিপুর কলেজের সহ-অধ্যক্ষ শ্রীপ্রিয়রঞ্জন বণিক মহাশয় উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

---

## চিনির চরম দর

রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে চিনি ১৷৹ টাকা সের দরে বিক্রয় হইতেছে। চিনির দর বৃদ্ধি হওয়ায় রসগোল্লা ১৬৹, পান্তুয়া ১৷৹ পেড়া ও মোণ্ডা ২৬৹— ৩৲ সের দরে বিক্রয় হইতেছে।

## দোগাছী ফ্রি বোর্ড প্রাইমারী বিদ্যালয়
### নেতাজীর জন্মদিবস ও প্রজাতন্ত্র দিবস উদযাপন

গত ২৩শে ও ২৬শে জানুয়ারী সমারোহের সহিত যথাক্রমে নেতাজীর জন্মদিবস ও সাধারণ প্রজাতন্ত্র দিবস উদযাপিত হইয়াছে। স্থানীয় জনসাধারণ তথা অভিভাবকবৃন্দের সহানুভূতি ও সহযোগিতা বিশেষভাবে পরিলক্ষিত হয়। শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ জনসাধারণের সহযোগিতায় অনুষ্ঠানদ্বয়কে সাফল্যমণ্ডিত করেন। ২৬শে জানুয়ারী সাধারণ প্রজাতন্ত্র দিবসে আনুষ্ঠানিক কর্মসূচী পালনের পর বৈকাল ৩ ঘটিকার সময় একটি জনসভা ও অভিভাবক সম্মেলন হয়। উক্ত সভায় ধুলিয়ান চক্রের বিদ্যালয় সমূহের অবর পরিদর্শক শ্রীযুক্ত জগদীশ চন্দ্র সাহা মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। শিক্ষা সম্বন্ধীয় নানা আলোচনায় অংশ গ্রহণ করেন নিমতিতা মণ্ডল কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীযুক্ত যতীন্দ্রনাথ দাস এবং জনাব গিয়াসউদ্দিন, শ্রীপূর্ণেন্দুকুমার সরকার প্রমুখ শিক্ষকবৃন্দ। পরিশেষে সভাপতি মহাশয় বর্ত্তমান শিক্ষা ব্যবস্থা, বুনিয়াদী শিক্ষা ব্যবস্থা, জনসাধারণ তথা অভিভাবকবৃন্দ ও উপস্থিত কমিটির কর্ত্তব্য ও দায়িত্ব সম্বন্ধে বিস্তারিত আলোচনান্তে বিদ্যালয়টীর সর্ব্বাঙ্গীন উন্নতিকল্পে জনসাধারণের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

## নেতাজীর জন্মদিন পালন

বন্নেশ্বর বিষ্ণুচন্দ্র জুনিয়র হাই স্কুলে, বন্নেশ্বর জুনিয়র বেসিক স্কুলে ও দক্ষিণগ্রাম পল্লী উন্নয়ন সমিতিতে ২৩শে জানুয়ারী প্রভাতফেরী, সভা ও বিচিত্রানুষ্ঠানসহ "নেতাজীর জন্মদিন" পালিত হয়।

## পরলোকে
## হেমন্তকুমার রায়

জঙ্গিপুর মহকুমার কাঞ্চনতলার অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক হেমন্তকুমার রায় মহাশয় গত ১৫ই মাঘ শুক্রবার কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে পরলোক গমন করিয়াছেন। তিনি প্রায় ৪০ বৎসরকাল সুনামের সঙ্গে শিক্ষকতা করিয়াছেন। তিনি ধুলিয়ান বেঞ্চের অনারারী ম্যাজিষ্ট্রেট ও স্থানীয় বহু জনহিতকর প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন। তিনি বিধবা স্ত্রী, পাঁচ পুত্র, চারি কন্যা ও বহু আত্মীয় স্বজন রাখিয়া গিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৬ বৎসর হইয়াছিল। তাঁহার ন্যায় নিরহঙ্কারী, সদালাপী, দেশ-হিতৈষী ব্যক্তি আজকাল বিরল। তাঁহার অমায়িক মধুর ব্যবহারে ইতর ভদ্র সকলেই মুগ্ধ হইতেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করি।


## পারিতোষিক বিতরণ সভা

গত ২রা ফেব্রুয়ারী মঙ্গলবার বেলা ১ ঘটিকার সময় জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীসুধীন্দু চৌধুরী মহোদয়ের সভাপতিত্বে গোবিন্দপুর জুনিয়র হাই স্কুলের পারিতোষিক বিতরণ উৎসব সুসম্পন্ন হইয়াছে। শ্রীমতী চৌধুরী পারিতোষিক বিতরণ করেন এবং মুর্শিদাবাদ জেলার কংগ্রেস সভাপতি জঙ্গিপুরের উকিল শ্রীঝড়ুলাল দাস মহাশয় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় বহু নিমন্ত্রিত ভদ্রলোক ও অভিভাবকগণ যোগদান করেন।

## করণিক আবশ্যক

রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের জন্য টাইপ জানা এবং ন্যূনকল্পে স্কুল ফাইনাল পাশ একজন করণিক আবশ্যক। বেতন ও মাগগীভাতা বোর্ডের নিয়মানুযায়ী। আগামী ১৪ই ফেব্রুয়ারীর মধ্যে সম্পাদক মহাশয়ের নিকট আবেদন করিতে হইবে।


পূর্ণপাত্র
শূন্য হয়ে আসে ধীরে ধীরে



মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুঞ্জয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্ব্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিতে। বুদ্ধ, সক্রেটিস্, শেক্সপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বন্দনীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্যে। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হ'য়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্ত্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতার বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য—সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ — কাগজ

রঘুনাথ দত্ত এণ্ড সন্স

সর্ব্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা

"ভোলানাথ ধাম" – ৩৩২, বিডনষ্ট্রীট, ও ৯০, নিমতলা, ষ্ট্রীট–কলিকাতা, ৩১–১, পাটুয়াটুলি, ঢাকা

## বাণী চরণে
# হতাশের প্রার্থনা।




## বিদ্যা ফিরে নে জননী তোর !

( ইংরাজ রাজত্বে লেখা )

—:০:—

বিদ্যারম্ভ হ'ল যবে মোর,
হাতে খড়ি দিল গুরু মশাই।
তুই মা জননী, বিদ্যাদায়িনী,
তোর পূজা আমি করি মা তাই।

তোরই কৃপায় যশের সহিতে,
চারি খানি পাশ পাইনু বেশ ;
ঘরে এসে দেখি আমারে পড়া'তে
বিষয় বিভব হয়েছে শেষ।

ছ'মাস না যেতে দেনা ভেবে ভেবে,
পরলোকগত পিতৃদেব ;
এ দিকে যে আমি বিদ্যার চোটে
হইয়া পড়েছি হাফ-সাহেব।

দেনা করে টাকা পাঠাতেন বাবা—
তাহাতে কিনেছি বিলাতী বুট ;
জমি বেচে বাবা পাঠাতেন টাকা
তাহাতে খেয়েছি চা' বিস্কুট।

দেনা দেখে আমি করি নাই ভয়,
মনে মনে মোর ছিল এ বোধ—
ছ'টী মাস যদি হাকিমী করি ত
সকল দেনাই করিব শোধ।

খোসামোদ করি ঘুরিয়া ঘুরিয়া
হাকিমীর নেশা ছুটিল মোর।
পাশ করিলেই হয় না হাকিম,
চাই এতে সুপারিশের জোর।

হিতাকাঙ্ক্ষী যত আত্মীয় স্বজন,
যুক্তি সকলে দিল আমায়—
পুলিশে ঢুকিলে হইবে আমার
হাকিমীর চেয়ে অধিক আয়।
এম-এ, পাশ করি দারোগা হইব !
অদৃষ্টের ফের বাপরে বাপ !
আমি হ'নু রাজি, বিধাতা তো নয়,
দু' ইঞ্চি কম বুকের মাপ।
দিন দিন দিন আয়ু হ'ল ক্ষীণ—
বয়স পঁচিশ গত যে প্রায় !
সরকারী পোষ্ট্ আজ না পাইলে
জীবনে কি আর মিলিবে হায় ?
বিদ্যার গরম হইল ঠাণ্ডা,
ভাঙ্গিল আমার দাঁতের বিষ—
পঁচিশ মুদ্রা ভাতা নিয়ে হ'নু
কেরাণীগিরির এপ্রেন্টিস্।
কিছুদিন পরে হইনু বাহাল
বেতন হইল পঞ্চাশৎ।
( i ) আইএর ফুট্কি ( t ) টীর মাথা কাটা
ভুল হইলেই কৈফিয়ৎ।
আপিশের যিনি বড় বাবু মোর,
দু'বেলা তাঁহারে মাখাই তেল।
তবু ভুল পেলে দেন টিটকারী—
'এম-এ, পাশ ক'রে এই আক্কেল ?'
সারাটী পৃথিবী দেখি অন্ধকার
সাহেব যখন করেন রাগ।
গোটা দুই টাকা উপরি পাইলে
ভাবি আমি আজ মেরেছি বাঘ।
নয়টা বাজিতে আপিশেতে ছুটি,
পেটে দিয়ে ছাই ভস্মটা,
চাবুকের চোটে ছু'টে চলে যথা
ছ্যাকড়া গাড়ীর অশ্বটা।
স্বাস্থ্য আমার গিয়াছে ভাঙ্গিয়া
হজম হয় না মুগের জুস্।
হজম হয় শুধু সাহেবের তাড়া,
আর টাকা সিকে যা' পাই ঘুস্।
চোর লুটে রাতে আমি লুটি দিনে
মোর চেয়ে ভাল ডাকাত চোর
স্বাস্থ্য সারল্য ফিরে দে আমার

**বিদ্যা ফিরে নে জননী তোর।**

—



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস, কলিকাতা-১২

CA-10

**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিন্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।